

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
Website: www.dmpi.gov.bd
E-mail: dhakampi1985@gmail.com

২০২৩-২৪ শিক্ষাবর্ষে নতুন ভর্তিকৃত ১ম পর্বের ছাত্রীদের উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা এই ইন্সটিটিউটের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের ১ম পর্বে নতুন ভর্তিকৃত ছাত্রীদের (উভয় শিফট) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৩-১৮৩, তারিখঃ ১৪/১১/২০২৩ খ্রিঃ মোতাবেক উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদানের লক্ষ্যে সকল শিক্ষার্থীর বাধ্যতামূলকভাবে প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত উপবৃত্তি ফরম পূরণ ও জমাদান জরুরী ভিত্তিতে প্রয়োজন।

সে লক্ষ্যে স্ব-স্ব টেকনোলজি হতে নির্ধারিত SAF উপবৃত্তি ফরম সংগ্রহ পূর্বক অথবা ঢামপই ওয়েব সাইট হতে প্রিন্ট করে যথাযথ তথ্য পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ২২ নভেম্বর ২০২৩ খ্রিঃ এর মধ্যে স্ব স্ব বিভাগীয় প্রধানের নিকট জমা দিতে হবে।


SAF উপবৃত্তি ফরম জমা দেয়ার সময় যে সকল প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযোজন করতে হবে :

- ১) শিক্ষার্থীর এস.এস.সি/সমমান পাশের নম্বরপত্রের ফটোকপি ০১ (এক) কপি
- ২) শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি ০১ (এক) কপি
- ৩) শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ০১ (এক) কপি (যদি থাকে)
- ৪) শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ০১ (এক) কপি করে প্রতিজনের।
- ৫) সরকারী সিদ্ধান্ত মোতাবেক শিক্ষার্থীদের সকল প্রকার বৃত্তি/উপবৃত্তি/অনুদানের ক্ষেত্রে ডাক বিভাগের আর্থিক লেনদেন প্রতিষ্ঠান "নগদ" অথবা "বিকাশ" হিসাবের মাধ্যমে প্রদান করা হবে। শিক্ষার্থীদের পিতা/মাতার মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর ব্যবহার পূর্বক "নগদ" অথবা "বিকাশ" হিসাব খুলতে হবে। একাউন্ট নম্বর এর মোবাইল নম্বর এবং জাতীয় পরিচয়পত্র নম্বর এ ব্যবহৃত মোবাইল নম্বর একই হতে হবে।

উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিশেষ অসুবিধার জন্য যদি প্রতিষ্ঠানে আসার সুযোগ না থাকে, সে ক্ষেত্রে ফরম পূরণ করে উল্লেখিত অন্যান্য কাগজপত্রসহ একটি ফাইলে করে (ফাইলের নাম হবে ক্লাস রোল যা ঢামপই এর ওয়েবসাইটে ১ম পর্বের তালিকা হতে সংগ্রহ করতে হবে) টেকনোলজি ভিত্তিক নিচের ই-মেইল নম্বরে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

ক্রম	বিভাগ	ই-মেইল
১.	আর্কিটেকচার	dmparchitecture1985@gmail.com
২.	কম্পিউটার সায়েন্স	dmpicomputer1985@gmail.com
৩.	ইলেকট্রনিক্স	dmpielectronics1985@gmail.com
৪.	ইলেকট্রোমেডিকেল	dmpielectromedical1985@gmail.com
৫.	ইলেকট্রিক্যাল	dmpielectrical1985@gmail.com


বিঃ দ্রঃ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী অদ্যাবধি এস.এস.সি এর মূল নম্বরপত্র জমা দেয়নি, তাদের আগামী ২৬ নভেম্বর ২০২৩ খ্রিঃ এর মধ্যে বাধ্যতামূলকভাবে জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হল।


(সাহানা বেগম)

অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট
তারিখঃ ১৯/১১/২০২৩ খ্রিঃ

স্মারক নং -ঢামপই/একা/২০২৩- ৪২৬ (২০),
সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলঃ

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। একাডেমিক ইনচার্জ, ১ম/২য় শিফট, এই ইনস্টিটিউট।
- ৩। বিভাগীয় প্রধানঃ আর্কিটেকচার/ইলেকট্রনিক্স/ইলেকট্রিক্যাল/কম্পিউটার/ইলেকট্রোমেডিকেল/আইপিসি/ট্যুরিজম, এই ইনস্টিটিউট।
- ৪। অফিসার-ইন-চার্জ, ওয়েবসাইট। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।)
- ৫। হিসাব রক্ষক/কোষাধ্যক্ষ, এই ইনস্টিটিউট।
- ৬। নোটিশ বোর্ডঃ (একাডেমিক+প্রশাসনিক) ভবন, (রূপসী+সোনালী+শ্যামলী) বাংলা ছাত্রী নিবাস, এই ইনস্টিটিউট।
- ৭। সংরক্ষণ নথি।


(সাহানা বেগম)

অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট
শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
ফোন- ০২৫৫০০৭১৬৯।